

বগুড়া আয়িযুল হক কলেজ সাবেক অধ্যক্ষসহ ২৩ জনের নামে চার্জশিটের অনুমোদন দুদকের

যুগান্তর রিপোর্ট

বগুড়া সরকারি আয়িযুল হক কলেজের সাবেক অধ্যক্ষ এবং তিন ছাত্রলীগ নেতাসহ ২৩ জনের বিরুদ্ধে চার্জশিটের অনুমোদন দিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। কমিশনের নিয়মিত সভায় এ অনুমোদন দেয়া হয়। ৩৪ লাখ ৪০ হাজার ৫৩৯ টাকা আয়স্বতের অর্জিযোগে ২০১০ সালের ৪ অক্টোবর মামলা করেছিল দুদক। আসামিরা পরস্পর যোগসাজশে কলেজের শিক্ষার্থীদের কাছ থেকে পরিবহন, ছাত্র সংসদ, ক্রীড়া, চিকিৎসা, লাইব্রেরি, সাহিত্য ও সংস্কৃতি, দুর্গিদ্ধ তহবিল, ভূমি ভ্রমণ, অতিরিক্ত কাছের পারিশ্রমিক প্রদান, ভাউচার ছাড়া স্টেশনারি, জুয়, ড্রামা খাবার, বিল ও মুসজিদ বাত থেকে বিভিন্ন সময় অর্ন্ত ৭০ লাখ টাকা আত্মসাৎ করে। ২০১০ সালে এসব অর্জিযোগে পৃথক তিনটি মামলা করে দুদক। আসামিদের মধ্যে রয়েছেন বগুড়া সরকারি আয়িযুল হক কলেজের সাবেক অধ্যক্ষ (বর্তমানে এলপিআর) ড. মো. সুলতান আলী, সাবেক উপাধ্যক্ষ মো. আবদুল গফুর, প্রভাষক (অর্থনীতি বিভাগ) একেএম ফজলে রাব্বি, সাবেক প্রধান সহকারী জসিম উদ্দিন, ভারপ্রাপ্ত প্রধান সহকারী আবু এরশাদ মো. মিজানুর রহমান, সাবেক হিসাব সহকারী এসএম আবদুল মান্নান, হিসাব সহকারী রফিকুল ইসলাম, অফিস সহকারী আবুল হোসেন, ক্যাশিয়ার মো. গোলাম আজম, ইলেকট্রিশিয়ান মোস্তোজার রহমান, সহকারী ইলেকট্রিশিয়ান আজাহারুল ইসলাম, ক্যাশ সহকারী মেহেদী হাসান, সরকারি আজিজুল হক কলেজ ছাত্রলীগের আহ্বায়ক আবু জাফর মাহমুদুল মুনীর রাবেল, যুগ্ম-আহ্বায়ক কামরুল হুদা উজ্জ্বল এবং কামরুল হাসান ডালিম। ইতিমধ্যেই দুটি মামলার চার্জশিট দাখিল করা হয়েছে।